“নিশ্চয় তোমাদের রব চিরঞ্জীব, অতি দানশীল। তাঁর নিকট তাঁর কোনো বান্দা স্বীয় দু‘হাত উঠালে তিনি তা খালি ফিরিয়ে দিতে লজ্জাবোধ করেন।”

সালমান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু
আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয় তোমাদের রব চিরঞ্জীব, অতি দানশীল। তাঁর নিকট
তাঁর কোনো বান্দা স্বীয় দু‘হাত উঠালে তিনি তা খালি ফিরিয়ে দিতে লজ্জাবোধ করেন।” [হাসান] [এটি আবূ দাঊদ, তিরমিযী ও ইবনে মাজাহ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দোয়ার সময় হাত তুলে দোয়া করার তাগিদ দিয়েছেন। তিনি বললেন যে আল্লাহ (حيـــي َ (খুবই লাজুক এবং দান করা বন্ধ করেন না। তিনি বান্দার সাথে তাই করেন যা তাকে খুশি করে আর যা তার ক্ষতি করে তা ছেড়ে দেন। (كريـــــــم (চাওয়া ছাড়াই দান করেন, তাহলে চাওয়ার পরে কেমন হবে! তিনি তাঁর মুমিন বান্দার প্রতি লজ্জিত হন যে, প্রার্থনার জন্য তার দুই হাত তুলার পর কিছু না দিয়ে খালি, শূন্য ও হতাশ করে ফিরিয়ে দিবেন।

https://www.sunnah.global/hadeeth/bn/show/5499